যুগান্তর

তারিখ 02 NOV 2016
পৃষ্ঠা ... কলাম ...



পুরস্কারপ্রাপ্ত শিক্ষার্থীদের সঙ্গে অতিথিরা

# সোনারগাঁয়ে পুরস্কার বিতরণী অনুষ্ঠান

দেওয়ান সামছুর রহমান/হাজী মোহাম্মদ মহসীন

ইতিহাসের সমৃদ্ধ জনপদ সোনারগাঁয়ে স্বজনদের উদ্যোগে গত ৩১ অক্টোবর সোমবার দুপুরে সোনারগাঁ উপজেলার ভট্টপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে অনুষ্ঠিত হয়ে গেল প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষায় অংশগ্রহণকারীদের উদ্দীপনামূলক পুরস্কার বিতরণী অনুষ্ঠান। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সোনারগাঁ উপজেলা নির্বাহী কর্মকর্তা আবু নাছের ভূঁঞা। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সোনারগাঁ থানার অফিসার ইনচার্জ (ওসি) শাহ্ মো. মঞ্জুর কাদের পিপিএম, সোনারগাঁ উপজেলা শিক্ষা অফিসার আ.ফ.ম জাহিদ ইকবাল, লেখক সাহিত্যিক ও গবেষক শামসুদ্দোহা চৌধুরী, দৈনিক যুগান্তরের স্টাফ রিপোর্টার ও স্বজন উপদেষ্টা আল আমিন তুষার, উপজেলা রিসোর্স সেন্টারের পরিদর্শক নাসরিন জাহান পপি, যুগান্তর স্বজন সমাবেশ বারদী শাখার সভাপতি ও গোয়ালপাড়া হাই স্কুলের সিনিয়র শিক্ষক দেওয়ান সামছুর রহমান, ভট্টপুর মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সাবেক সহ-সভাপতি, স্বজন সদস্য ও লেখক, প্রকৃতিপ্রেমিক হাজী মোহাম্মদ মহসীন, ভট্টপুর মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক বি.আর বিলকিস।

অনুষ্ঠানের প্রধান অতিথি সোনারগাঁ উপজেলা নির্বাহী কর্মকর্তা আবু নাছের ভূঁঞাকে ফুল দিয়ে বরণ করেন যুগান্তর স্বজন সমাবেশ বারদী শাখার সভাপতি ও গোয়ালপাড়া হাই স্কুলের সিনিয়র শিক্ষক দেওয়ান সামছুর রহমান। সোনারগাঁ থানার অফিসার ইনচার্জ (ওসি) শাহ্ মো. মঞ্জুর কাদের পিপিএমকে বরণ করেন সাংবাদিক হুসেইন রবিউল। সোনারগাঁ উপজেলা শিক্ষা অফিসার আ.ফ.ম জাহিদ ইকবালকে ফুল দিয়ে বরণ করেন হাজী মোহাম্মদ মহসীন এবং সভাপতি আবু নাঈম ইকবালকে বরণ করেন যুগান্তর প্রতিনিধি আল আমিন তুষার। বিদ্যালয়ের ছাত্র মো. ইয়াছিনের কোরআন তেলাওয়াতের মাধ্যমে অনুষ্ঠান শুরু হয়। স্বজন সভাপতি দেওয়ান সামছুর রহমান শুভেচ্ছা বক্তব্য দেন। স্বজনদের বিভিন্ন

## শিক্ষার্থীদের সৃজনশীল মানসিকতা অর্জনের পরামর্শ দেন এবং স্বজনদের পরবর্তী কার্যক্রমের সঙ্গে দেয়াল পত্রিকা করার আহ্বান

কার্যক্রমের বর্ণনা তুলে ধরেন আল আমিন তুষার ও হাজী মোহাম্মদ মহসীন। প্রধান অতিথি উপজেলা নির্বাহী কর্মকর্তা আবু নাছের ভূঁঞা তার বক্তব্যে শিক্ষার্থীদের সৃজনশীল মানসিকতা অর্জনের পরামর্শ দেন এবং স্বজনদের পরবর্তী কার্যক্রমের সঙ্গে দেয়াল পত্রিকা করার আহ্বান জানান। সেই সঙ্গে স্বজনদের বিভিন্ন কার্যক্রমের ভূয়সী প্রশংসা করেন। ওসি শাহ্ মো. মঞ্জুর কাদের পিপিএম শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, 'তোমরা প্রকৃত মানুষ হলে উপকৃত হবে এ দেশ, এ জাতি।' উপজেলা শিক্ষা অফিসার আ.ফ.ম জাহিদ ইকবাল শিক্ষা ক্ষেত্রে স্বজনদের এগিয়ে আসার প্রশংসা করেন এবং পরবর্তীতে বিভিন্ন প্রতিষ্ঠানেও এ ধরনের আয়োজনের আহ্বান জানান।

অনুষ্ঠানে ভট্টপুর মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি আবু নাঈম ইকবালের সভাপতিত্বে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন- সাংবাদিক ফরিদ হোসেন, হুসেইন রবিউল, আনিছুর রহমান, ভট্টপুর মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষিকা রোকেয়া আক্তার। এছাড়া এ অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন আমেনা আক্তার, আলেয়া বেগম, শাহ-ইরানী, নাজমা আক্তার, হাওয়া আক্তার সুমী, কবির হোসেন, শাম্মী আক্তার, মাহমুদা আক্তার, ফারজানা আক্তার, সোনিয়া আক্তার, নিমনি ভূঁইয়া, স্বজন আবদুল আজিজ, নূর আলম, জাহিদ প্রমুখ। উৎসাহী অনেক অভিভাবক এ সময় উপস্থিত ছিলেন।

প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষায় অংশগ্রহণকারী প্রায় ১৩০ জন শিক্ষার্থীর মধ্যে শিক্ষা সামগ্রী বিতরণ করা হয়। এদের মধ্যে মেধাবী পনের জন ছাত্রছাত্রীদের মাঝে বিশেষ পুরস্কার বিতরণ করা হয়। শিক্ষার্থীরা হল তাসরিন জাহান তাইয়্যেবা, মোকাররমা আক্তার মোনা, তাওসিফুজ্জামান অনন্ত, সুমাইয়া জাহান, আল মারুফ জাহিদ, আবদুল্লাহ আল মামুন, আরাফাত হোসেন, ওয়াসিক ইরফান রৌদ্র, জায়েদ ইকবাল অভি, তামিমুল ইসলাম, তাহমিদা হোসাইন তান্নি, মনিরা আক্তার, রিফাত খান, মোজাহিদুল ইসলাম স্বপ্ন ও জোনায়েত হোসেন।